বেসরকারি স্কুলের জন্য টিকাকরণের আবশ্যকতা

নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তরের (NYC স্বাস্থ্য দপ্তর) কমিশনার একটি কমিশনারের আদেশ জারি করেছেন যা বেসরকারি স্কুলে কর্মরত কর্মীদের COVID-19 এর বিরুদ্ধে টিকা নেওয়া আবশ্যক করে।[1] নতুন আবশ্যকতাগুলি এবং কিভাবে সেগুলি মেনে চলতে হবে সে সম্পর্কে জানতে এই নথিটি পর্যালোচনা করুন।

কোন বেসরকারি স্কুলগুলি এই আদেশ দ্বারা আচ্ছাদিত করা হয়?

আদেশটি বেসরকারি স্কুলগুলির ক্ষেত্রে প্রযোজ্য যেগুলি প্রিস্কুল থেকে গ্রেড 12 বা সেই শিক্ষাগত পরিসরের যে কোনও অংশ (যেমন একটি প্রাথমিক বা মাধ্যমিক স্কুল) থেকে শিক্ষার্থীদের জন্য নির্দেশনা এবং সম্পর্কিত পরিষেবাগুলি প্রদান করে বা একটি শিক্ষার্থীর বাড়িতে নির্দেশনা প্রদান করেন সেই সব শিশুদের জন্য যারা বাড়িতে সশরীরে নির্দেশনা প্রাপ্ত হয়।

প্রয়োজনীয়তা স্কুলগুলিতে প্রযোজ্য যেগুলি সাধারণত প্রি-স্কুল থেকে গ্রেড 12 এর বয়সের শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, এমন কি যদি স্কুলগুলি শিক্ষার্থীদের গ্রেড বা অনুরূপ গ্রুপে পৃথক না করে।

কাদের টিকা দেওয়া প্রয়োজন?

পূর্ণ এবং আংশিক সময়ের কর্মচারী এবং অবৈতনিক প্রাপ্তবয়স্ক কর্মীরা (যেমন ছাত্র-শিক্ষক এবং স্বেচ্ছাসেবকদের) সহ বেসরকারি স্কুল কর্মীদের (সম্মিলিতভাবে, "কর্মী") অবশ্যই টিকা দিতে হবে। একটি যুক্তিসঙ্গত ছাড় প্রক্রিয়ার মাধ্যমে টিকাকরণের প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি দেওয়া কর্মীদের টিকা দেওয়ার প্রয়োজন নেই।

কখন কর্মীদের টিকা দিতে হবে?

সোমবার, 20 ডিসেম্বর, 2021 এর মধ্যে, একটি বেসরকারি স্কুলে কর্মরত সমস্ত কর্মীদের অবশ্যই প্রমাণ জমা দিতে হবে যে তারা একটি COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন। 20 ডিসেম্বর, 2021 এর মধ্যে যে সমস্ত কর্মীরা দুই ডোজের টিকার প্রথম ডোজ পেয়েছেন তাদের অবশ্যই তাদের প্রথম ডোজ জমা দেওয়ার 45 দিনের মধ্যে দ্বিতীয় ডোজ গ্রহণ করতে হবে এবং প্রমাণ দিতে হবে।

20 ডিসেম্বর, 2021 তারিখে বা তার পরে নিয়োগ করা কর্মীদের অবশ্যই প্রমাণ দিতে হবে যে তারা তাদের শুরু হওয়ার তারিখের আগে একটি COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন। যে কর্মীরা তাদের শুরুর তারিখের মধ্যে একটি দুই-ডোজ সিরিজের কেবল প্রথম ডোজ পেয়েছেন তাদের অবশ্যই তাদের প্রথম ডোজের প্রমাণ জমা দেওয়ার 45 দিনের মধ্যে দ্বিতীয় ডোজ নেওয়ার প্রমাণ দিতে হবে।

---

[1] **nyc.gov/health** এ যান এবং "**Order Requiring COVID-19 Vaccination for Nonpublic School Staff**" (বেসরকারি স্কুলের কর্মীদের জন্য COVID-19 টিকা আবশ্যক করা আদেশ) খুঁজুন।

টিকার প্রয়োজনীয়তা মেটাতে কর্মীরা কোন COVID-19 টিকা নিতে পারেন?
গ্রহণযোগ্য টিকাগুলি হল মার্কিন ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (U.S. Food and Drug Administration, FDA) দ্বারা অনুমোদিত বা গৃহীত টিকাগুলি, যেমন Pfizer, Moderna এবং Johnson & Johnson টিকা বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) দ্বারা জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত। WHO-অনুমোদিত টিকার তালিকা উপলব্ধ covid19.trackvaccines.org/agency/who এ।

মার্কিন যুক্তরাষ্ট্র-ভিত্তিক ক্লিনিকাল ট্রায়ালের অংশ (বর্তমানে, Novavax) টিকাগুলি কেবল ক্লিনিকাল ট্রায়ালে অংশগ্রহণকারী কর্মীদের জন্য গ্রহণযোগ্য, যাদের অবশ্যই একটি সক্রিয় টিকা প্রাপ্তির কথা নিশ্চিত করতে হবে, প্লেসবো নয়।

সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হওয়ার অর্থ কি?
সম্পূর্ণভাবে টিকা পাওয়ার জন্য, কর্মী সদস্যকে একটি দুই ডোজের টিকার দ্বিতীয় ডোজ বা Johnson & Johnson টিকার একক ডোজ পাওয়ার পর থেকে অন্তত দুই সপ্তাহ অতিবাহিত করে থাকতে হবে। যারা দুটি ভিন্ন টিকা পেয়েছেন তারা সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত বলে বিবেচিত হবেন যদি উভয় টিকাই FDA বা WHO দ্বারা অনুমোদিত বা গৃহীত হয়।

আমার স্কুলকে কোন ডকুমেন্টেশন বজায় রাখতে হবে?
প্রতিটি স্কুলে কর্মীদ সদস্যদের টিকা দেওয়ার প্রমাণের ইলেকট্রনিক বা কাগজের রেকর্ড নিরাপদে বজায় রাখতে হবে। এই রেকর্ডগুলি অবশ্যই হালনাগাদ রাখতে হবে এবং, আইন দ্বারা যেমন অনুমোদিত, অনুরোধের ভিত্তিতে NYC স্বাস্থ্য বিভাগ বা তার মনোনীতের কাছে উপলব্ধ করতে হবে। স্কুলগুলিকে অবশ্যই একটি রিপোর্ট বজায় রাখতে হবে যা নিম্নলিখিত তথ্যগুলি ট্র্যাক করে:

1. **কর্মীদের নাম এবং তাদের নিয়োগ শুরুর তারিখ**
2. **জমা দেওয়া টিকাকরণের প্রমাণের ধরন**, যার মধ্যে থাকতে পারে:
    - রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) টিকাকরণ কার্ড। এই কার্ডের একটি ডিজিটাল ছবি বা ফটোকপিও গ্রহণযোগ্য।
    - NYC টিকাকরণ রেকর্ড বা অন্যান্য অফিসিয়াল ইমিউনাইজেশন রেকর্ড, স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে প্রাপ্ত তথ্য সহ। এই রেকর্ডের একটি ডিজিটাল ছবি বা ফটোকপিও গ্রহণযোগ্য।
    - NYC COVID সেফ অ্যাপের প্রিন্টআউট বা স্ক্রিনশট
    - CLEAR হেলথ পাস প্রিন্টআউট বা স্ক্রিনশট
    - NYS Excelsior Pass/Excelsior Pass Plus
    - যে তারিখে টিকাকরণের প্রমাণ পাওয়া গেছে
3. **গৃহীত টিকা এবং টিকার ডোজ গ্রহণের তারিখ**
    - তৃতীয় ডোজ এবং বুস্টার ডোজ নির্দেশ করার প্রয়োজন নেই।
4. **কর্মী সদস্য বর্তমানে সম্পূর্ণরূপে টিকা প্রাপ্ত কিনা**
    - কর্মী সদস্যদের জন্য যারা একটি টিকার প্রথম ডোজ পেয়েছেন যার জন্য দুটি ডোজ প্রয়োজন, তাদের অবশ্যই প্রথম ডোজ পাওয়ার প্রমাণ জমা দেওয়ার 45 দিনের মধ্যে দ্বিতীয় ডোজ গ্রহণ করার প্রমাণ প্রদান করতে হবে। স্কুলকে অবশ্যই পরে দ্বিতীয় ডোজটি পাওয়ার প্রমাণ পেতে হবে এবং যে **তারিখে দ্বিতীয় ডোজ গ্রহণ করা হয়েছিল তা রেকর্ড করতে**

হবে।

5. যে কোন কর্মীর জন্য যারা COVID-19 টিকা দেওয়ার প্রমাণ জমা দেননি কারণ তাদের যুক্তিসঙ্গত ছাড় দেওয়া হয়েছিল, তাদের জন্য রেকর্ডটি অবশ্যই নির্দেশ করবে যে এই ধরনের ছাড় প্রদান করা হয়েছিল।
    - আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিস অ্যাক্ট সহ প্রযোজ্য আইন অনুযায়ী কর্মীদের দ্বারা প্রদত্ত সহায়ক নথিপত্র এবং যুক্তিসঙ্গত ছাড় নির্ধারণের ভিত্তি উল্লেখ করে স্কুলটিকে আলাদাভাবে রেকর্ড বজায় রাখতে হবে।

আপনার কর্মীদের জন্য সংগ্রহ করার জন্য টিকার তথ্যের একটি উদাহরণ এখানে দেওয়া হল:

কর্মীদের নাম	কর্মসংস্থান শুরুর তারিখ	টিকাকরণ ধরনের প্রমাণ	টিকাকরণ	টিকার ডোজ 1 এর তারিখ	টিকার ডোজ 2 এর তারিখ	টিকা প্রাপ্তির প্রমাণ করার তারিখ	জমা দেওয়ার তারিখ অনুযায়ী সম্পূর্ণরূপে টিকা দেওয়া হয়েছে
জন ডো	1/10/2020	NYS এক্সেলসিওর	Pfizer	3/3/2021	4/5/2021	4/15/2021	হ্যাঁ
জেন ডো	2/27/2018	NYC COVID Safe অ্যাপ	Moderna	10/26/21	12/6/2021 এর মধ্যে আবশ্যক	11/1/2021 (ডোজ 1)	না
টিম স্মিথ	4/5/2019	CDC টিকাকরণ কার্ড	Johnson & Johnson	11/10/2021	প্রযোজ্য নয়	11/12/2021	হ্যাঁ

আমি কিভাবে যুক্তিসঙ্গত ছাড় নির্ধারণ করতে পারি?

কর্মীরা চিকিৎসাগত অবস্থা বা ধর্মীয় বিশ্বাসের কারণে টিকাকরণের আবশ্যকতা থেকে অব্যাহতি পেতে চাইতে পারেন। খুব কম চিকিৎসাগত অবস্থা রয়েছে যা একজন ব্যক্তিকে COVID-19 এর বিরুদ্ধে টিকা দেওয়া থেকে বিরত রাখতে পারে। চিকিৎসাগত ছাড়ের অনুরোধগুলি অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসকের দ্বারা লিখিত এবং স্বাক্ষরিত হতে হবে, অনুরোধকৃত অব্যাহতির কারণ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে (যা অবশ্যই CDC নির্দেশিকা অনুসারে হতে হবে), এবং প্রত্যয়িত করতে হবে যে টিকাকরণ কর্মী সদস্যের স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হতে পারে। ডকুমেন্টেশনে পর্যাপ্ত তথ্য থাকা উচিত যাতে নির্ণয় করা যায় যে ইমিউনাইজেশনের জন্য একটি চিকিৎসাগত ক্ষতিকারক ইঙ্গিত আছে কিনা এবং নির্দিষ্ট সময়কালের দৈর্ঘ্য উল্লেখ করা উচিত যে সময় টিকা দেওয়া জন্য চিকিৎসাগতভাবে নিষিদ্ধ।

টিকাকরণের ক্ষতিকারক উপসর্গ সম্পর্কে আরো তথ্যের জন্য **cdc.gov** এ যান এবং "**Interim Clinical Considerations for Use of COVID-19 Vaccines Currently Approved or Authorized in the United States**" (বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত বা গৃহীত COVID-19 টিকা ব্যবহারের জন্য অন্তর্বর্তীকালীন ক্লিনিকাল বিবেচনা) খুঁজুন। যুক্তিসঙ্গত ছাড় সংক্রান্ত তথ্যের জন্য, CDC এর "Workplace

Vaccination Program" (কর্মক্ষেত্রে টিকাদান কর্মসূচির) ওয়েবপেজ দেখুন (**cdc.gov/coronavirus/2019-ncov/community** এ যান, পৃষ্ঠার বাম দিকে "Workplaces & Businesses" (কর্মক্ষেত্র ও ব্যবসা) ড্রপ-ডাউনটি প্রসারিত করুন এবং "**Workplace Vaccination Program**" (কর্মক্ষেত্রে টিকাদান কর্মসূচি) নির্বাচন করুন) এবং সমান কর্মসংস্থানের সুযোগ কমিশনের (Equal Employment Opportunity Commission) COVID-19 ওয়েবসাইট (**eeoc.gov** এ যান এবং "**What You Should Know About COVID-19 and the ADA, the Rehabilitation Act, and Other EEO Laws**" (COVID-19 এবং ADA, পুনর্বাসন আইন এবং অন্যান্য EEO আইন সম্পর্কে আপনার যা জানা উচিত) খুঁজুন)।

যদি একটি স্কুল নির্ধারণ করে যে একজন কর্মী সদস্যকে তারা একটি যুক্তিসঙ্গত ছাড় প্রদান করবে, তাহলে স্কুলটিকে অবশ্যই একক পরিস্থিতির উপর ভিত্তি করে ছাড়ের ধরণ এবং কিভাবে স্কুল অন্যান্য ছাড় প্রদান করে তা নির্ধারণ করতে হবে। ছাড়ের উদাহরণগুলির মধ্যে রয়েছে কর্মী সদস্যকে এমন এলাকায় কাজ করার জন্য নিয়োগ করা যেখানে শিশুরা উপস্থিত নেই; কর্মী সদস্যকে নিয়মিত বাড়িতে পরীক্ষা সহ আরও ঘন ঘন পরীক্ষার মধ্য দিয়ে যাওয়া আবশ্যক করা; এবং কর্মী সদস্যকে দুটি মুখের আবরণ বা একটি উচ্চমানের মুখের আচ্ছাদন পরা আবশ্যক করা এবং স্কুলে অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখা।

টিকা না দেওয়া কর্মীরা স্কুলে শিশু এবং প্রাপ্তবয়স্কদের সংক্রমণের ঝুঁকি বাড়াতে থাকবে এবং স্কুল প্রশাসকদের টিকা দেওয়া হয়নি এমন কর্মী সদস্যদের স্বার্থের এবং তাদের স্কুল সম্প্রদায়কে COVID-19 সংক্রমণ থেকে রক্ষা করার স্বার্থের মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে।

টিকা প্রদানের আদেশ মেনে চলার কোন প্রমাণ বেসরকারি স্কুলগুলিকে জমা দিতে হবে?

স্কুলগুলিকে অবশ্যই একটি নিশ্চিতকরণ জমা দিতে হবে যে তারা টিকা দেওয়ার আদেশ মেনে চলছে।

- প্রাথমিক নিশ্চিতকরণ (**nycdohmh.surveymonkey.com/r/9G3CBMB** এ উপলব্ধ) অবশ্যই **মঙ্গলবার, ডিসেম্বর 28, 2021** এর মধ্যে জমা দিতে হবে।
- একটি চূড়ান্ত নিশ্চিতকরণ (**nycdohmh.surveymonkey.com/r/CZ6RNNZ** এ উপলব্ধ) অবশ্যই **বৃহস্পতিবার, ফেব্রুয়ারি, 2022** এর মধ্যে জমা দিতে হবে।

কিভাবে টিকার প্রয়োজনীয়তা প্রয়োগ করা হবে?

পরিদর্শনের পরে, স্কুলগুলিকে অবশ্যই দেখাতে হবে যে তারা কর্মীদের টিকা দেওয়ার রেকর্ড বা কোনো যুক্তিসঙ্গত ছাড়ের রেকর্ড প্রয়োজন অনুযায়ী সংগ্রহ করেছে এবং রক্ষণাবেক্ষণ করেছে। NYC স্বাস্থ্য বিভাগ নথি বজায় রাখাং, কর্মীদের ছাড় দেওয়া বা নিশ্চিতকরণের আবশ্যকতা মেনে চলতে ব্যর্থতার বিষয়ে শিক্ষা প্রদান করবে। যে কোনো চলমান অননুবর্তীতার ফলে 1,000 ডলার জরিমানা বা অন্যান্য বলবতকরণ পদক্ষেপের সাপেক্ষে একটি সমন জারি করা হতে পারে।

COVID-19 টিকা সম্পর্কে তথ্য আমি কোথায় পেতে পারি?

COVID-19 টিকাসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য, **nyc.gov/covidvaccine** এ যান। COVID-19 টিকাগুলো নিরাপদ, কার্যকর ও বিনামূল্যের। কর্মীরা টিকাকরণ সাইট খুঁজে পেতে পারেন **nyc.gov/vaccinefinder** এ বা 877-829-4692 নম্বরে কল করে। কর্মীরা **nyc.gov/homevaccine** এ গিয়ে বা 877-829-4692 নম্বরে ফোন করে বাড়িতে বসে টিকা নেওয়ার জন্যও ব্যবস্থা করতে পারেন।

প্রশ্ন আছে?

আপনার যদি প্রশ্ন থাকে, **311** এ কল করুন এবং “nonpublic school vaccinate mandate” (বেসরকারি স্কুলের টিকার আবশ্যকতা) সম্পর্কে জানতে চান

পরিস্থিতি অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 12.15.21